

বুলুগুল মারাম

হাদিস নম্বরঃ ৫৮৮

পর্ব - ৩ঃ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ মৃত ব্যক্তির জন্য বিলাপ করে ক্রন্দন করা হারাম

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ - رَضِيَ اللَّهُ عَنْهُ - قَالَ: لَعَنَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - النَّائِحَةَ، وَالْمُسْتَمِعَةَ. أَخْرَجَهُ أَبُو دَاوُدَ

ضعيف. رواه أبو داود (3128)

বাংলা

৫৮৮. আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিলাপ করে ক্রন্দনকারিণী ও তা শ্রবণকারিণীদের প্রতি অভিসম্পাত করেছেন।[1]

English

Abu Sa'id Al-Khudri (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) cursed the wailing women and those who listen to them. Related by Abu Dawud.

ফুটনোট

[1] আবু দাউদ ৩১২৮, আহমাদ ১১২২৮ আলবানী তারগীব (২০৬৮) গ্রন্থে হাদীসটিকে দুর্বল বলেছেন, ইমাম হাইসামী তার মাজমাউয যাওয়ায়িদ (১৭) গ্রন্থে বলেন, এ হাদীসে আল-হাসান বিন আতিয়াহ নামক একজন দুর্বল রাবী রয়েছে। আবু দাউদ সুনানু আবী দাউদ (৩১২৮) গ্রন্থে সাকাতু আনহু বলেন, এবং তার রিসালাতে মক্কাবাসীকে বলেন প্রত্যেক সাকাতা আনহু সালেহ। ইবনু আদী আল কামিল ফি যুআফা ৬/৫৫ গ্রন্থে মাহফুয নয় বলেছেন। ইবনুল মুলকিন তাঁর আল-বাদরুল মুনীর (৫/৩৬২) গ্রন্থে বলেন, এ হাদীসের সানাদে মুহাম্মাদ ইবনুল হাসান বিন আতিয়াহ রয়েছেন, তিনি তার পিতা হতে, তার পিতা তার দাদা থেকে হাদীসটি বর্ণনা করেছেন। তারা

তিনজনই দুর্বল বর্ণনাকারী। বিন বায তার বুলুগুল মারামের হাশিয়া (৩৬৬) গ্রন্থে বলেন, এ হাদীসে আল-হাসান বিন আতিয়াহ আল উফী নামক রাবী রয়েছেন তিনি তার পিতা থেকে বর্ণনা করেছেন, ইবনু হাজার আসকালানী তাদের দুজনকে বিশেষভাবে দুর্বল আখ্যায়িত করে বলেছেন, তিনি সত্যবাদী। কিন্তু হাদীস বর্ণনায় ভুল করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70399>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন